

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৪৩(আগরতলা, ১৪।০।১)
সোনামুড়া, ১৪ জানুয়ারী ২০১৮

সোনামুড়ার বটতলীতে পৌষ সংক্রান্তি মেলা সম্পন্ন

শান্তি, সম্প্রীতি ও মৈত্রীর পরিবেশ অক্ষুণ্ন রেখে সোনামুড়ার বটতলীতে আজ সম্পন্ন হল দুদিন ব্যাপী পৌষ সংক্রান্তি মেলা। কাঁচিগাং ছড়া ও গোমতী নদীর সঙ্গম স্থলে মকর সংক্রান্তির দিনে আয়োজিত হয় এই মেলা। অর্ধ শতাব্দী প্রাচীন এই মেলায় এবারও জাতি উপজাতি সকল অংশের হাজার হাজার পূণ্যার্থীর সমাগম ঘটেছিল। এই মেলাকে সুষ্ঠু ভাবে সম্পন্ন করার জন্য নলছড় ব্লক প্রশাসন, তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং অন্যান্য দপ্তরের সহায়তায় ব্যাপক উদ্যোগ গ্রহণ করা হয়। ১৩ জানুয়ারী সন্ধ্যায় মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিধায়ক তপন দাস। বিশেষ অতিথি ছিলেন বিধায়ক শ্যামল চক্রবর্তী, মোহনভোগ সাব জোনাল কমিটির প্রাক্তন চেয়ারম্যান বানীসিং দেববর্মা, নলছড় পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান নিমাই দেবনাথ প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান পরিতোষ দাস। অতিথিগণ তাদের আলোচনায় মেলায় শান্তি শৃংখলা রক্ষা ও সৌভ্রাতৃত্ব বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করেন।

এদিকে মোহনভোগ ব্লক প্রশাসনের উদ্যোগে মোহনভোগে গোমতী নদীর পাড়ে অনুরূপ পৌষ সংক্রান্তি মেলা সংগঠিত হয়। ১৯৮০ সাল থেকে এখানে এই মেলার সূচনা হয়। গতকাল সন্ধ্যায় এই মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন সুরেশ দাস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মোহনভোগ পঞ্চায়েত সমিতির ভারপ্রাপ্ত চেয়ারম্যান প্রদীপ দেবনাথ।
